

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১৯/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

### বাংলাদেশ জাতীয় জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৯ উপলক্ষ্যে আগামী ২০ আগস্ট ২০১৯, মঙ্গলবার সকাল ১০টা থেকে ২টা পর্যন্ত জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে **সেচ্ছায় রক্তদান কর্মসূচি** আয়োজন করা হয়েছে। কর্মসূচি বাস্তবায়ন করবে বাংলাদেশ জাতীয় জাদুঘর। সহযোগিতা করবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ট্রান্সফিউশন মেডিসিন বিভাগ। কর্মসূচি উদ্বোধনী অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ , এমপি এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. মো. আবু হেনা মোস্তফা কামাল , এনডিসি সহ মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ ও সহযোগী প্রতিষ্ঠানের প্রধানগণ উপস্থিত থাকবেন। এতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও তার অধিনস্থ সংস্থা , অধিদপ্তরসমূহের কর্মকর্তাগণ রক্তদান করবেন।

উক্ত কর্মসূচিতে সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা